



MADE IN
BANGLADESH
WEEK
12-18 November 2022, Dhaka



বিজিএ/কাস/২০২৩/৮৮

১৬ এপ্রিল, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০ এপ্রিল, ২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে তফসিলি ব্যাংক বন্ধ রাখা এবং ঈদ পরবর্তী অফিস সময়সূচী নির্ধারণ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংক ডিওএস সার্কুলার লেটার নং-১১, তারিখঃ ১৩/০৪/২০২৩ইং জারী করেছে।।

প্রয়োজনীয় কার্যক্রমের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলারটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

C:\Users\BGMEA\Desktop\88 CIRCULAR- doc

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmea.org



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১১

৩০ চৈত্র ১৪২৯
তারিখঃ -----
১৩ এপ্রিল ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

২০ এপ্রিল ২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা এবং ঈদ পরবর্তী অফিস সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর ১১ এপ্রিল ২০২৩ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-৬১ এর মাধ্যমে ২০ এপ্রিল ২০২৩ তারিখ বৃহস্পতিবার পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে সাধারণ ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ১৯, ২০ এবং ২১ এপ্রিল ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

তারিখ	অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
১৯ ও ২০ এপ্রিল ২০২৩ বুধবার ও বৃহস্পতিবার	সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতি)	সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ১:০০ ঘটিকা পর্যন্ত
২১ এপ্রিল ২০২৩ শুক্রবার	সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:০০ ঘটিকা হতে ১:৪৫ ঘটিকা পর্যন্ত জুম্মার নামাজের বিরতি)	সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ১২:৩০ ঘটিকা পর্যন্ত।

০৩। ১৯, ২০ ও ২১ এপ্রিল ২০২৩ তারিখে বাংলাদেশ ব্যাংকের ক্রিয়ারণ ব্যবস্থা চালু থাকবে। তবে, ক্রিয়ারণ ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে উল্লিখিত এলাকার বাইরে অবস্থিত কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না।

০৪। ঈদ পরবর্তী সময়ে তফসিলি ব্যাংকের অফিস সময় সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৫:০০ ঘটিকা পর্যন্ত এবং লেনদেনের সময় সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:৩০ ঘটিকা পর্যন্ত (রমজান-পূর্ব সময়ের ন্যায়) পরিচালিত হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আরিফ হোসেন খান)
পরিচালক (ডিওএস)
ফোন : ৯৫৩০০৯৩